গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
আংগারিয়া, শরীয়তপুর।
food.shariatpur.gov.bd

১২/০৫/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত শরীয়তপুর জেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মুহাম্মদ নিজাম উদ্দীন আহাম্মেদ, জেলা প্রশাসক, শরীয়তপুর।
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, শরীয়তপুর।
সভার তারিখ : ১২/০৫/২০২৪ খ্রি.।
সভার সময় : দুপুর ১২:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো :

সভার শুরুতে সভাপতি সদস্যদের স্বাগত জানিয়ে সরকারের গম সংগ্রহের উদ্দেশ্য সম্পর্কে আলোকপাত করেন। অভ্যন্তরীণভাবে গম সংগ্রহের মূল লক্ষ্য কৃষকদেরকে উৎপাদিত গমের মূল্য সহায়তা প্রদান নিশ্চিত করা এবং সরকারী খাদ্য গুদামে গমের নিরাপদ মজুদ গড়ে তোলার বিষয়ে তিনি গুরুত্ব আরোপ করেন। সরকারের এ মহৎ উদ্যোগকে সাফল্যমন্ডিত করণের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করে তিনি আলোচ্য সূচী মোতাবেক বিস্তারিত আলোচনার জন্য কমিটির সদস্য সচিব কে অনুরোধ জানান।

অত:পর সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, খাদ্য মন্ত্রণালয়ের ০৬/০৫/২০২৪ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৪৩.৩৫.০০২.২৪.১৫৬ নং স্মারকে অভ্যন্তরীণ গম সংগ্রহ-২০২৪ এর আওতায় গম সংগ্রহের সিদ্ধান্ত গ্রহণ করেছে। ইতোমধ্যে সংশ্লিষ্ট সকলকে খাদ্য অধিদপ্তর কর্তৃক উপজেলা ভিত্তিক বিভাজন ও এতদসংক্রান্ত পত্র পৃষ্ঠাংকন করে প্রেরণ করা হয়েছে। তিনি জানান যে, নির্দেশনা অনুযায়ী এ বছর গমের সংগ্রহ মূল্য ধার্য্য করা হয়েছে প্রতি কেজি ৩৪/- (চৌত্রিশ) টাকা এবং সংগ্রহ অভিযান ০৭/০৫/২০২৪ খ্রি. তারিখ হতে ৩১/০৮/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অব্যাহত থাকবে। এ বৎসর সারাদেশে সরকারের ৫০,০০০ (পঞ্চাশ হাজার) মে.টন গম সংগ্রহের লক্ষ্যমাত্রার আওতায় শরীয়তপুর জেলায় গম সংগ্রহের লক্ষ্যমাত্রা ৬৬৪.০০০ মে.টন, যা নিম্নরূপঃ

ক্রমিক নং	উপজেলার নাম	প্রাপ্ত লক্ষ্যমাত্রা (পরিমাণ- মে.টন)
০১	শরীয়তপুর সদর	১২১.০০০
০২	ডামুড্যা	৪৯.০০০
০৩	গোসাইরহাট	৩৭.০০০
০৪	নড়িয়া	৪২.০০০
০৫	ভেদরগঞ্জ	২৯৫.০০০
০৬	জাজিরা	১২০.০০০
	জেলার মোট=	৬৬৪.০০০

তিনি আরও জানান যে, (ক) উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি স্ব স্ব উপজেলায় গম সংগ্রহের লক্ষ্যমাত্রা প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী ইউনিয়নওয়ারী বিভাজন করবে। উপজেলা কৃষি কর্মকর্তার সরবরাহ করা মৌসুমে আবাদকৃত জমির পরিমাণ এবং সম্ভাব্য উৎপাদনের পরিমাণ সহ ডাটাবেইজ হতে প্রয়োজনীয় সংখ্যক কৃষক নির্বাচন করবে। প্রান্তিক ও মহিলা কৃষকদেরকে অগ্রাধিকার দিয়ে কৃষক নির্বাচন করতে হবে। উপজেলা কমিটি প্রত্যেককে প্রদেয় খাদ্যশস্যের পরিমাণসহ নির্বাচিত কৃষকদের তালিকা সংশ্লিষ্ট সংগ্রহ কেন্দ্রে প্রেরণ করবে। এ তালিকায় অন্তর্ভুক্ত কৃষকদের নিকট থেকে গম সংগ্রহ করা হবে। ক্রয়কারী কর্মকর্তা কৃষি উপকরণ সহায়তা কার্ড/ জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে তালিকাভুক্ত কৃষকদের সনাক্ত করবেন। তালিকা বহির্ভূত কারো নিকট হতে গম ক্রয় করা যাবে না।

(খ) অধিক সংখ্যক কৃষককে সুযোগ প্রদানের লক্ষ্যে উপজেলা কমিটি একজন কৃষকের নিকট থেকে সর্বনিম্ন ৩ (তিন) বস্তা পরিমাণ অর্থাৎ ১৫০ (একশত পঞ্চাশ) কেজি এবং সর্বোচ্চ ৩ (তিন) মে.টন পর্যন্ত গম সংগ্রহ পরিমাণ নির্ধারণ করতে পারবে। নির্ধারিত পরিমাণ গম একজন কৃষক কিস্তিতেও বিক্রি করতে পারবেন। তবে কোন কিস্তি ৩ (তিন) বস্তার কম হবে না।

(গ) উৎপাদক কৃষকের গমের মূল্য এ্যাকাউন্ট পেয়ি WQSC (Weight Quality Stock Certificate) এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

(ঘ) কোন উপজেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী কৃষকদের নিকট হতে গম সংগ্রহ করা সম্ভব না হলে জেলা খাদ্য নিয়ন্ত্রক জেলার মধ্যে যে উপজেলা/ উপজেলা সমূহে গম সংগ্রহ করা সম্ভব সেখানে লক্ষ্যমাত্রা স্থানান্তর করে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

১) বাজার দর অনুকূলে থাকা অবস্থায় উপজেলা ভিত্তিক লক্ষ্যমাত্রার পরিমাণ গম অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা/২০১৭ অনুযায়ী উপজেলা কৃষি অফিস হতে প্রাপ্ত কৃষকদের তালিকা হতে কৃষকের নামে বরাদ্দকৃত পরিমাণ গম ক্রয় করতে হবে।
২) কৃষক সনাক্তের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত কৃষি উপকরণ সহায়তা কার্ড/ জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ক্রয়কেন্দ্রে সংরক্ষণ করতে হবে।
৩) নীতিমালার আলোকে প্রান্তিক কৃষক ও মহিলা কৃষকের নিকট থেকে অগ্রাধিকার ভিত্তিতে চলতি মৌসুমে উৎপাদিত বিনির্দেশ মোতাবেক নির্ধারিত পরিমাণ গম ক্রয় করতে হবে।

৪) কোন কৃষক মানসম্মত গম খাদ্য গুদামে বিক্রয় করতে এসে যাতে হয়রানির শিকার না হন সে বিষয়ে সংগ্রহের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ সতর্ক দৃষ্টি রাখবেন এবং তা নিশ্চিত করবেন।

৫) কোন অবস্থাতেই বিনির্দেশ বহির্ভূত গম ক্রয় করা যাবে না।

৬) সরকার নির্ধারিত স্বল্পতম সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

৭) কোন উপজেলার সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব না হলে জেলার লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে সমর্পণকৃত গম কমিটির সদস্য সচিব অর্থাৎ জেলা খাদ্য নিয়ন্ত্রক জেলার লক্ষ্যমাত্রা সমন্বয় পূর্বক অন্য উপজেলায় বরাদ্দ দিবেন।

৮) জেলার অভ্যন্তরে গম সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণের সম্ভাবনা না থাকলে জেলা খাদ্য নিয়ন্ত্রক উক্ত পরিমাণ সমন্বিত করে অন্যত্র সংগ্রহের উদ্দেশ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সমর্পণ করবেন। এছাড়া যদি সংগ্রহের সম্ভাবনা থাকে এবং এ জেলায় অতিরিক্ত বরাদ্দ অর্পিত হয় তা সংগ্রহ করার চেষ্টা করা হবে।

৯) গম সংগ্রহ সংক্রান্ত পরবর্তীতে আরো কোন নির্দেশনা আসলে জেলা খাদ্য নিয়ন্ত্রক এ বিষয়ে জেলা প্রশাসক তথা জেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটির সভাপতির পরামর্শক্রমে ব্যবস্থা গ্রহণ করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।

১০) উৎপাদক কৃষকের গমের মূল্য এ্যাকাউন্ট পেয়ি WQSC (Weight Quality Stock Certificate) এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

১১) অভ্যন্তরীণ খাদ্যসশ্য সংগ্রহ নীতিমালা/২০১৭ অনুসরণ পূর্বক উপজেলা কমিটি গম সংগ্রহ অভিযান সফল করার লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত রাখবেন।

১২) জেলা এবং উপজেলা পর্যায় থেকে প্রকৃত কৃষকদের অবহিত করার জন্য বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

12.05.24

(মুহাম্মদ নিজাম উদ্দীন আহাম্মেদ)
জেলা প্রশাসক, শরীয়তপুর
ও
সভাপতি
জেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি।

স্মারক নং- ১৩.০১.৮৬০০.০০৫.৪৫.০০৯.২৪(১৭৮) তারিখ- ১২/০৫/২০২৩ খ্রি.

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-------------- ও উপদেষ্টা, জেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি, শরীয়তপুর।
২. মহাপরিচালক (গ্রড-১), খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ঢাকা।
৩. পরিচালক, সংগ্রহ/ হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ঢাকা।
৪. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি, শরীয়তপুর।
৫. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
৬. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য, জেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি, শরীয়তপুর।
৭. উপজেলা নির্বাহী অফিসার, (সকল)-------------------------------------শরীয়তপুর।
৮. উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর ও সদস্য, জেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি, শরীয়তপুর।
৯. জেলা কৃষি বিপনন কর্মকর্তা ও সদস্য, জেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি, শরীয়তপুর।
১০. জেলা তথ্য অফিসার, শরীয়তপুর। **বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।**
১১. জনাব শামসুল হক আকন, পালং ও সদস্য, জেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি, শরীয়তপুর।
১২. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)------------------------------------ শরীয়তপুর।
১৩. কারিগরী খাদ্য পরিদর্শক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শরীয়তপুর।
১৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল)------------------------------এলএসডি, শরীয়তপুর।
১৫. অফিস কপি।

12.05.24

(মোঃ হারুন-অর-রশিদ)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
শরীয়তপুর
এবং
সদস্য সচিব
জেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি।